

এইচএসসির চতুর্থ দিনে বহিষ্কার ২২৩ শিক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

অসদুপায় অবলম্বনের দায়ে এইচএসসি ও সমমানের পরীক্ষার চতুর্থ দিনে রোববার সারা দেশে ২২৩ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরিদর্শক বহিষ্কারের ঘটনা না ঘটলেও শিক্ষার্থী বহিষ্কারের এ সংখ্যা আগের তিন দিনের তুলনায় অনেক বেড়েছে।

এদিন এইচএসসিতে ইংরেজি ২য় পত্র (আবশ্যিক) ও ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজের ইংরেজি ২য় পত্র (আবশ্যিক) পরীক্ষা ছিল। মাদ্রাসা বোর্ডের আলিম সাধারণ বিভাগের আরবি ১নং পত্র, বিজ্ঞান ও মুজাক্কিদ বিভাগের আরবি সাহিত্যে, কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ভোকেশনালে উচ্চতর গণিত-২/গণিত-২ (নতুন/পুরাতন), এইচএসসি (বাবসা ব্যর্থস্থাপনা)-তে সকালে বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন (নতুন/পুরাতন) এবং বিকালে ব্যবসায় গণিত ও পরিসংখ্যানে পরীক্ষা হয়েছে (নতুন/পুরাতন)। এর বাইরে ডিপ্লোমা-ইন-কমার্শের সকালে

বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন ও বিকালে হিসাববিজ্ঞান বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

আন্তঃশিক্ষা বোর্ড সময়সূচী সাব-কমিটি সূত্র জানায়, সারা দেশের দশ বোর্ডে এসএসসি ও সমমানের চতুর্থ দিনের পরীক্ষায় অনুপস্থিত ছিল ১০ হাজার ৯১৪ জন। তবে আগের দিনের তুলনায় শিক্ষার্থী বহিষ্কারের সংখ্যা বেড়েছে।

প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয় ২৬ পরীক্ষার্থী। দ্বিতীয় দিনে সেই সংখ্যা ৯৬, তৃতীয় দিনে ১০৭ এবং চতুর্থ দিনে এ সংখ্যা দাঁড়িয়েছে ২২৩ জনে। আর প্রথম দিনে বহিষ্কার হয়েছিলেন চারজন শিক্ষক। তবে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ দিনে একজন শিক্ষকও বহিষ্কার হননি। সবমিলে চার দিনে শিক্ষার্থী বহিষ্কারের সংখ্যা দাঁড়িয়েছে ৪৫২ জনে। তবে রোববার আটটি সাধারণ বোর্ডে ইংরেজি ২য় পত্রের পরীক্ষা থাকায় বহিষ্কারের সংখ্যা বেশি বলে জানায় শিক্ষা মন্ত্রণালয় সর্গরিষ্টরা।